

**সমস্যা জর্জরিত
নওয়াব ফয়জুল্লাহ
সরকারী কলেজ**

কুমিল্লা সংবাদদাতা ॥ অর্ধ শতাব্দিক বঙ্গবরের পুরাতন লাক-সাম থানার পশ্চিমগাঁও-এ নওয়াব ফয়জুল্লাহ সরকারী কলেজ শিক্ষক স্বল্পতা, আসবাব পত্রের অভাব, ছাত্র-ছাত্রীবাগের অভাব, শিক্ষকদের আবাসিক সমস্যা, ডাকাতিয়া নদীর ভাঙ্গন, বিজ্ঞান সামগ্রীর অপ্রতুলতা, চিত্ত বিনোদনের সীমাবদ্ধতা সহ বিভিন্ন সমস্যায় জর্জরিত। বিশিষ্ট শিক্ষানুরাগী দানবীর নওয়াব ফয়জুল্লাহ নামে ১৯৪৩ সালে তাঁহার পশ্চিমগাঁওস্থ বাড়ীর পার্শ্ব ডাকাতিয়া নদীর পাড়ে একটি পুকুরসহ মোট ৮ একর জমির উপর কলেজ প্রতিষ্ঠিত হয়। ১৯৮২ সালে এই কলেজ-
(৪র্থ পৃ: দ:)

**ফয়জুল্লাহ সরকারী কলেজ
(৩য় পৃ: পর)**

টিকে সরকারীকরণ করা হয়। অধ্যক্ষ জানান, গত বছর ২৪শে জুলাই অর্থনীতি, রাষ্ট্র বিজ্ঞান, সমাজ বিজ্ঞান, ইসলামের ইতিহাস, গণিত, হিসাব বিজ্ঞান ও ব্যবস্থাপনা বিষয়ে অনার্স চালু করার জন্য আবেদন করা হয়। কিন্তু আজ অবধিও কোন আদেশ পাওয়া যায় নাই। সম্রপতি ৩৬ শয্যাবিধিষ্ট একটি ছাত্রীবাগ নির্মাণ করা হইয়াছে। কিন্তু প্রয়োজনীয় আসবাবপত্রের অভাবে উহা চালু করা সম্ভব হয় নাই। ৩০ জন ছাত্রের জন্য একটি ছাত্রীবাগ রহিয়াছে। ইহার অবস্থা করুণ। এত অধিকসংখ্যক ছাত্র-ছাত্রীর জন্য লাইব্রেরীর বইয়ের সংখ্যা খুবই সীমিত। বিজ্ঞানসামগ্রীর অপ্রতুলতা হেতু ব্যবহারিক শিক্ষা বিধিত হইতেছে। সর্বোপরী শিক্ষকের অভাবে পড়াশুনা দারুণভাবে বিধিত হইতেছে। দীর্ঘদিন হইতে সহযোগী অধ্যাপক, সহকারী অধ্যাপক এবং প্রভাষকের ২৩টি পদ শূন্য রহিয়াছে। ইহা ছাড়াও কয়েকজন প্রদর্শক, গ্রন্থাগারিক, ক্যাটালগার ও শরীর চর্চা শিক্ষকের পদ ও শূন্য।